(৪৩)

# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৮৮তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী

১। ১৪ জুলাই ২০১৫ সকাল ১০৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে পরম করুনাময় আল্লাহ তালার নামে সভার কার্যক্রম শুরুর প্রারম্ভে এয়ার কমডোর মুরাদ হোসেন, এনডিসি,এসিএসসি,পিএসসি (অবঃ) কোরান হতে কিছু অংশ তেলওয়াত করেন। প্রেসিডেন্ট উক্ত সভায় সভাপতিত্ব করেন এবং সভায় নিম্নে বর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | ব্রিগেঃ জেনাঃ মুস্তাফিজুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ) | - | প্রেসিডেন্ট |
| খ। | কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) | - | সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) | - | ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | লেঃ কর্ণেল মোঃ সামসুল ইসলাম (অবঃ) | - | সেক্রেটারী |
| ঙ। | মেজর আশরাফ কামাল (অবঃ) | - | জয়েন্ট সেক্রেটারী |
| চ। | লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ) | - | ট্রেজারার |
| ছ। | লেঃ কর্ণেল বজলুর রহমান (অবঃ) | - | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| জ। | ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান, বিপি (অবঃ) | - | সদস্য |
| ঝ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - | সদস্য |
| ঞ। | ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ট। | এয়ার কমডোর এম মুরাদ হোসেন,এনডিসি,এসিএসসি,পিএসসি(অবঃ) | - | সদস্য |
| ঠ। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ড। | কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ঢ। | লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) | - | সদস্য |

২। সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| আইটেম - ০১ ঃ সভাপতি মহোদয়ের উদ্ধোধনী বক্তব্য : | |
| ১। সভাপতি মহোদয় সভার আলোচনা শুরুর প্রারম্ভে নিবার্হী কমিটির সকল সদস্যকে ৮৮ তম সভায় স্বাগত জানিয়ে নিম্নে বর্নিত বিষয়ের উপর আলোকপাত করেন : | সকলকে |
| ক। অত্র এলাকার বাসিন্দারা ভোটের পূর্বে আমাদের দেয়া ইশতেহারের উপর আস্তা রেখেছে, ঠিক তদরুপ আমাদের দায়িত্ব হবে তাদের প্রতি সকল কমিটমেন্ট দ্রুত বাস্তবায়ন করা। | |
| খ। পূর্বের সকল কমিটি নিরলস পরিশ্রম করে অত্র ডিওএইচএসকে সেবা প্রদান করার জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং সে সাথে তাদের বেশীর ভাগ ভাল কাজের অবদানকে স্বাগত জানাচ্ছি। | |
| গ। পূর্ত উন্নয়নের কাজ বেশীর ভাগ করা হয়ে গেছে। তথাপি বর্তমানে পূর্ত উন্নয়নের কাজ করার সুযোগ খুবই কম হওয়া সত্বেও বিশেষকরে পুকুর পাড় বাধানো, সিএসডি উপরে বর্ধিত করন, বর্জ্য অপসারন, বাচ্চাদের জন্য সুইমিং পুল নির্মান ইত্যাদি কাজ অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করা এবং আমাদের লক্ষ্য হবে বাসিন্দাদের মনে প্রানে সেবা প্রদান করে আস্থা অর্জন করা। | |
| ঘ। বর্তমান কমিটি অত্যন্ত অভিজ্ঞ, দক্ষ এবং পূর্বে নিজেদেরকে বিভিন্ন কাজে নিয়োজিত করে সততার সাথে সেবা প্রদান করে বিশেষ অবদান রাখতে সক্ষম হয়েছে। তিনি আশা ব্যাক্ত করে বলেন, আপনাদের উপর অর্পিত দায়িত্ব অতি নিষ্ঠার সাথে অল্প সময়ের মধ্যে সম্পাদনে সক্ষম হবেন বলে দৃঢ়ভাবে বিশ্বাস করেন। | |
| ঙ। কনভেনশন হলের প্রতিইঞ্চি জায়গা যথাযথ ব্যাবহার করে বাসিন্দাদের জন্য আর্কষনীয় কেন্দ্রে পরিনত করা হবে আমাদের লক্ষ্য। এ ব্যাপারে প্রত্যেকের সুচিন্তিত মতামত ও সুপারিশ আশা করেন। | |

| | |
|---|---|
| চ। প্রতিটি সাব-কমিটি অভিজ্ঞ, দক্ষ ও কর্মঠ সদস্যের সমন্বয়ে কনভেনার ও অন্যান্য সদস্য নিয়ে গঠন করা হয়েছে। সভাপতি মহোদয় তাদের প্রতি স্ব-উদ্যোগে দায়িত্ব পালন করে সকলের মাঝে উদাহরন তৈরী করতে সচেষ্ট থাকবেন বলে আশা প্রকাশ করেন। | |
| অবশেষে সভাপতি মহোদয় সকলকে একটা ''টিম'' হিসাবে কাজ করার আহ্বান জানান, যাতে আমাদের মাঝে কোন মতানৈক্য না থাকে। আর যদি থাকে তবে অন্তর থেকে তা মূছে ফেলে আন্তরিকতার সাথে সহযোগিতার হাত বাড়িয়ে কঠোর পরিশ্রমের মাধ্যমে ডিওএইচএসকে মনোরম বসবাস উপযোগী এলাকা গড়ে তুলতে প্রত্যেক নির্বাহী সদস্য অবদান রাখতে সক্ষম হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যাক্ত করে তিনি সভার কার্যক্রম শুরু করার আহ্বান জানান। | |
| <u>আইটেম - ০২ ঃ একজিকিউটিভ কমিটির ৮৭তম সভার কার্যবিবরণীর অনুমোদন।</u> | |
| ২। ১৪ জুলাই ২০১৫ তারিখের একজিকিউটিভ কমিটির ৮৭তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। নিম্নে সংশোধন সাপেক্ষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল বজলুর রহমান (অবঃ) সমর্থন করনে। | সকল ইসি সদস্যগন |
| ক। আইটেম ৮ ও ৯ ঃ সাব-কমিটি কর্তৃক ২০১৫-২০১৬ অর্থবছরের বাজেট এবং সাব-কমিটির দায়িত্ব বুঝে নেয়া যথাক্রমে ১৫ জুলাই ২০১৫ পরিবর্তে ৩০ জুলাই ২০১৫ মধ্যে পরিষদ অফিসে প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| <u>আইটেম- ৩ ঃ নির্বাচনী ইশতেয়ার পর্যালোচনা ও বাস্তাবায়ন করণ</u> | |
| ৩। গত নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত দুটি প্যানেলের নির্বাচনী ইশতিয়ার নিয়ে বিস্তারিত পর্যালোচনা সাপেক্ষে নিম্ন বর্নিত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ক। <u>উপদেষ্টা গ্রুপ গঠন</u> ঃ অত্র ডিওএইচএস এ সববাসরত সামরিক ও বেসামরিক বিভিন্ন সেক্টরে অভিজ্ঞতা সম্পন্ন ৫ থেকে ৭ জন ব্যাক্তিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে এবং তাদের সুপারিশ সমূহ ইসি কর্তৃক আলোচনা ও পর্যালোচনা করত: কার্যকরি ব্যবস্থা গ্রহন করবে। | সভাপতি ও সেক্রেটারী |
| খ। <u>সুইমিং পুল নির্মাণ</u> ঃ অত্র এলাকায় ছোট ছোট ছেলে ও মেয়েদের জন্য একটি সুইমিং পুল নির্মাণ করার জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ), সদস্য, ইসি এবং ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান, বিপি (অবঃ)কে উক্ত প্রজেক্টের কনভেনার ও সদস্য সচিব হিসাবে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তাঁরা স্থান নির্বাচনসহ প্রকল্প বাস্তাবায়নের জন্য আগষ্ট ২০১৫ তারিখের মধ্যে প্রকল্প পরিকল্পানা উপস্থাপন করবেন। | লেঃ কর্ণেল আব্দুর রব ও ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান |
| গ। <u>হিসাব বিবরনী প্রেরন</u> ঃ অত্র পরিষদের ট্রেজারার আগামী ইসি সভায় সাবস্ক্রিপশন কমানোর লক্ষ্যে হিসাব বিবরনী তাঁর মতামতসহ উপস্থাপন করবেন। | ট্রেজারার |
| ঘ। ইতিমধ্যে কিউএমজি মহোদয়ের সাথে বৈঠক শেষে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত কাজগুলী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা হয়েছে। অন্যান্য সকল জনহিতকর ও জনগুরুত্বপূর্ণ কাজগুলি পর্যায়ক্রমে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সেক্রেটারী |
| (১) <u>পুকুর পাড় রক্ষা প্রকল্প</u> ঃ কিউএমজি মহোদয় ব্যাবস্থাপনায় পুকুর পাড় বাধানোর জন্য ক্যান্টঃ বোর্ড ইঞ্জিনিয়ারকে প্রকল্প প্রনয়নের সরাসরি নির্দেশ প্রদান করেন এবং অত্র অফিস হতে পত্রালাপ করা হয়েছে। | |
| (২) <u>সিএসডি বর্ধিত করণ</u> : কিউএমজি মহোদয় ব্যাবস্থাপনা পরিচালক, সিএসডি কে ঈদের পর উদ্ধোমুখি বর্ধিত করনের নির্দেশ প্রদান করেছেন এবং অত্র অফিস হতে এ ব্যাপারে পত্রালাপ করা হয়েছে। | |
| (৩) <u>বর্জ্য অপসারন</u> ঃ কিউএমজি মহোদয় এ ব্যাপারে ক্যান্টঃ বোর্ডকে সরাসরি অত্র ডিওএইচএসকে অধিকতর পদক্ষেপ গ্রহন সাপেক্ষে কাজ করার নির্দেশ প্রদান করেন এবং ডিওএইচএস থেকে যথাযথ পদক্ষেপ গ্রহন করে আশু সমাধার প্রচেষ্ঠা অব্যাহত আছে। | |

ইটেম-৪ ঃ পরিষদ অফিস পুনঃ বিন্যাস

বারিধারা ডিওএইচএস পরিষদ অফিস পুনঃ স্থাপনের নিমিত্তে Construction সাব-কমিটিকে ক্রেটারীর সাথে সমন্বয় করতঃ উক্ত কাজ আগামী ১৫ আগষ্ট ২০১৫ এর মধ্যে সম্পাদনের জন্য সভায় র্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। কাজের ধরন নিম্নরুপ ঃ — কনেকট্রাকশন সাব-কমিটি ও সেক্রেটারী

ক। লেভেল - ২ ঃ

| বর্তমান অবস্থা | প্রস্তাবিত |
|---|---|
| লেডিস নামাজের রুম ও এ্যাডমিন রুম | এ্যাডমিন রুম |
| লেডিস রুম | মাল্টিপারপাস রুম |
| সাব-কমিটি | ট্রেজারার ক্লার্ক অফিস |
| ডেকোরেটরস অফিস | ট্রেজারার অফিস |

খ। লেভেল - ৩ ঃ

| বর্তমান অবস্থা | প্রস্তাবিত |
|---|---|
| অফিস স্টাফ | অফিস স্টাফ |
| সেক্রেটারী, ট্রেজারার, মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন | সেক্রেটারী এবং মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন অফিস |

খ। লেভেল - ৪ ঃ

| বর্তমান অবস্থা | প্রস্তাবিত |
|---|---|
| কনফারেন্স রুম | সিনিঃ ভিপি, ভিপি, জয়েন্ট সেক্রেটারী, সাব-কমিটি অফিস এবং ওয়েটিং রুম |
| প্রেসিডেন্ট অফিস | প্রেসিডেন্ট অফিস |

আইটেম- ৫ ঃ ডিওএইচএস এলাকায় ওয়াই ফাই স্থাপন করণ

৫। বারিধারা ডিওএইচএস অফিস এলাকায় 'ওয়াই ফাই' সংযোগ স্থাপনের লক্ষে বিস্তারিত আলোচনা শেষে আইটি এন্ড কমিনিউকেশন সাব-কমিটিকে তড়িৎ কার্যক্রম গ্রহনের জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। — আইটি এন্ড কমিনিউকেশন সাব-কমিটি ও সেক্রেটারী

আইটেম-৬ ঃ মেডিকেল সহকারী নিয়োগ

৬। বারিধারা ডিওএইচএস এলাকায় বসবাসরত বাসিন্দাগণসহ, বাড়ীর নিরাপত্তা প্রহরী, গৃহকর্মীসহ অন্যান্য সদস্যদের প্রশাসনিক স্বাস্থ্যসেবা প্রদানের জন্য দক্ষ মেডিকেল সহকারী (সশস্ত্রবাহিনীর থেকে অবসর প্রাপ্ত) জরুরী ভিত্তিতে নিয়োগ প্রদানের জন্য হেলথ এন্ড হাইজিন সাব-কমিটিকে সুপারিশের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। তাদের সুপারিশ পাওয়া সাপেক্ষে আগষ্ট ২০১৫ এর মধ্যে নিয়োগ প্রদান করা হবে। — হেলথ এন্ড হাইজিন সাব-কমিটি ও সেক্রেটারী

আইটেম-৭ ঃ সম্মানী ভাতা ও বার্ষিক বর্ধিত ভাতা প্রদান

৭। বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মচারীর দেয় 'সম্মানী ভাতা' নিয়ে বিস্তারিত আলোচনা শেষে রহিত করা হলো। — সেক্রেটারী ও ট্রেজারার

আইটেম-৮ ঃ আরবিট্রেশন ফি প্রসংগে

৮। বর্তমানে প্রচালিত বিষয়োল্লিখিত ফি ৫০০ টাকার পরিবর্তে ১০০০ টাকা রুপান্তরিত করার ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী আগষ্ট ২০১৫ থেকে বাস্তাবায়ন শুরু হবে। — আরবিট্রেশন সাব-কমিটি ও ট্রেজারার

আইটেম-৯ ঃ স্টক টেকিং সার্ভে এবং কন্ডেমনেশন বোর্ড গঠন

৯। বিষয়টি আলোচনা না হওয়ায় পরবর্তী ইসি সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। — সেক্রেটারী

আইটেম-১০ ঃ স্থায়ী মোবাইল ও নাম্বার প্রদান

১০। বারিধারা ডিওএইচএস পরিষদে বর্তমানে প্রচলনরত এবং নিম্নে বর্ণিত স্থায়ী মোবাইল নাম্বার ছাড়াও সেক্রেটারী ও মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিনকে মোবাইল ও স্থায়ী পোষ্ট পেইড নাম্বার প্রদানের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সেক্রেটারী ও ট্রেজারার

ক। পরিষদ অফিস - ০১৭১৪০৩৮৮৮৬
খ। হিসাব রক্ষক - ০১৭৮৬৪৩৭৬৩৭
ঘ। ফিল্ড সিকিঃ অফিঃ - ০১৭৮৩৬০১২৬০
ঙ। চীফ সুপারভাইজার - ০১৭১১২২৮৩৫০
চ। এ্যাম্বুলেন্স ড্রাইভার - ০১৭৯৬৬৩৩১৬১
ছ। ২ পেট্রোল (সিকিঃ গার্ড) - ০১৭৮২৪৩৭৭৪৩ এবং ০১৭৮২৪৩৭৭৪৪

আইটেম-১১ ঃ ইসি কমিটি কর্তক আর্থিক অনুমোদন

১১। বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন নিম্নবর্ণিত কাজের আর্থিক ব্যয় অনুমোদিত হয়। ট্রেজারার

ক। পরিষদ ফান্ড ঃ

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২৪৪<br>২৭০ | ০৪-৬-১৫ | ১২ জুন ২০১৫ তারিখে নির্বাচন উপলক্ষে ক্যান্ট বোর্ড হতে আগত কর্মকর্তাদের আপ্যায়ন বাবদ খরচ ঃ<br>সর্ব মোট টাকা : | ১০,০০০.০০<br>২৯,৮৫৭.০০<br>৩৯,৮৫৭.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |
| ২৭১ | ১৭-৬-১৫ | ১৮ জুন ২০১৫ তারিখে এ্যাডহক কমিটির সাথে নব নির্বাচিত ইসি কমিটির সদস্যদের পরিষদ হস্তান্তর গ্রহন অনুষ্ঠানে সদস্য/সদস্যাগণের আপ্যায়ন খরচ | ৭,৭১৮.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |
| ৩০৪ | ০৯-৭-১৫ | ডিওএইচএস এলাকার বাসিন্দাগণের নিকট নগদ মূল্যে পলিথিন বিক্রয়ের নিমিত্তে "জম জম পলি ইন্ডাসট্রিজ" হতে ৭২৫ পাউন্ড পলি ব্যাগ ক্রয়ে খরচ। | ৫৮,০০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |

খ। এ্যাডমিন এন্ড সিকিউরিটি ফান্ড ঃ

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২১৫ | ১৫-৬-১৫ | বারিধারা ডিওএইচএস পরিষদের দৈনন্দিন ইলেকট্রিশিয়ানের ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরন ক্রয়ে খরচ ঃ | ১৬,০০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |
| ২৫০ | ১৬-৭-১৫ | পবিত্র ঈদ-উল-ফিতর-২০১৫ উপলক্ষে স্টাফদের উন্নতমানের খাবার আয়োজনের জন্য বাজেট বরাদ্দকরণ খরচ। | ১৯,৫৫০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |

গ। মসজিদ ফান্ড ঃ

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৮৩ | ১৫-৬-১৫ | মসজিদের ০২টি জেনারেটরের দৈনন্দিন ব্যাবহারের জন্য ডিজেল ক্রয় খরচ ঃ<br>ক। ডিজেল ১০০ লিটার (প্রতি লিঃ ৬৯/-)<br>খ। ডিজেল ১০০ লিটার (প্রতি লিঃ ৬৯/-)<br>গ। ডিজেল ১০০ লিটার (প্রতি লিঃ ৬৯/-)<br>মোট টাকা : | ৬,৯০০.০০<br>৬,৯০০.০০<br>৬,৯০০.০০<br>২০,৭০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |
| ৮৫ | ১৫-৬-১৫ | মসজিদের ব্যাবহৃত সাউন্ড সিস্টেম উন্নয়ন কল্পে ২৪০ ওয়াট ১টি (Bosch) এ্যামপ্লিফায়ার ক্রয়ে খরচ | ৩৫,০০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯৬ | ০১-৭-১৫ | পবিত্র রমজান মাসে জুমার নামাজ আদায়ে মুসল্লীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এবং জায়গা সংকুলান না হওয়ায় মসজিদের ছাদে তেরপালের ছাউনি দিয়ে নামাজের স্থান বর্ধিত করন কাজে | ১,৫০,০০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস |

<u>আইটেম-১২ ঃ স্পন্সারশীপ কর্তৃক অনুদান ও বিভিন্ন কাজের অনুমতি প্রদান</u>

১২। স্পন্সারশীপ কর্তৃক অনুদান ও বিভিন্ন কাজের অনুমতির জন্য বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্নিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

ক। সাইন মিডিয়া কর্তৃক বাড়ীর নেমপ্লেট পরিবর্তন।
খ। সাইন মিডিয়া কর্তৃক ১০,০০০ হাজার টাকা অনুদান গ্রহন ।
গ। ৬নং রোডের মাথায় ব্রিগেঃ জেনাঃ জিল্লুর রহমান (অবঃ) এর বাড়ীর কাছে ইলেকট্রিক পোল সংলগ্ন সাইন মিডিয়া কর্তৃক তথ্য বোর্ড স্থাপন করা হবে।

সেক্রেটারী

<u>আইটেম -১৩ ঃ বিবিধ</u>

১৩। জুমাতুল বিদা ও ঈদের নামাজ আদায়ের জন্য সমজিদ সামনে খোলা জায়গায় সামিয়ানা লাগানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

মসজিদ সাব-কমিটি

১৪। বারিধারা ডিওএইচএস পরিষদে জনবল নিয়োগ নির্বাচন পদ্ধতি ও প্রক্রিয়া কাজের ধরন অনুযায়ী প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদা ভাবে প্রণয়ন করা হবে।

নিয়োগ সাব-কমিটি

১৫। কনভেনশন সেন্টারে নতুন ঠিকাদার নিয়োগের ব্যাপারে আরও বাস্তব ও স্বচ্ছ করার নিমেত্তে কনভেনশন সেন্টার সাব-কমিটিকে দায়িত্ব প্রদানের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

কনভেনশন সেন্টার সাব-কমিটি

১৬। শিশু পার্কে বিভিন্ন 'রাইড' স্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনার পর গেমস্, স্পোর্টস, কালচারাল এন্ড ফিটনেস সেন্টার সাব-কমিটিকে দায়িত্ব দেয়া হয়। ভাইস প্রেসিডেন্ট, লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) এই ব্যাপারে সঠিক Co-ordinate করবেন। আগামী সাধারন সভায় তা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

গেমস্, স্পোর্টস, কালচারাল এন্ড ফিটনেস সেন্টার সাব কমিটি ও ভাইস প্রেসিডেন্ট

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

ব্রিগেঃ জেনাঃ মুস্তাফিজুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ)
সভাপতি

তারিখ ঃ ২০ জুলাই ২০১৫

কার্যক্রম ঃ

(________________________)
ইসি কমিটির সদস্যগণ